

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

০৯ আশ্বিন, ১৪১৪

সার্কুলার পত্র নং - ০১/২০০৭

তারিখঃ- -----

২৪ সেপ্টেম্বর, ২০০৭

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ এবং ১৮বি ধারার আওতায়
অনুমোদন গ্রহণ/নবায়ন/অশুভুক্তির আবেদন অত্র কার্যালয়ে প্রেরণকালে
প্রয়োজনীয় তথ্য/দলিলাদি প্রেরণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ক্ষেত্রে ১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮ এ এবং ১৮ বি ধারার আওতায় অনুমোদন/নবায়ন/অশুভুক্তি সংক্রান্ত আবেদন অসম্পূর্ণ বা পর্যাপ্ত তথ্য সম্বলিত না হওয়ায় কাল ক্ষেপনের ফলে গ্রাহকের স্বাভাবিক ব্যবসায়িক/ব্যক্তিগত কর্মকাণ্ড ব্যাহত হচ্ছে এবং ভোগান্তির কারণ হচ্ছে।

০৩। এ বিষয়ে সংশ্লিষ্ট এডি ব্যাংক শাখাগুলির সুবিধার্থে উপর্যুক্ত অনুমোদন গ্রহণে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যাংক শাখার পালনীয় নিয়মকানুন ও দাখিলযোগ্য কাগজপত্রাদির তালিকা নিম্নে পর্যায়ক্রমে বিশদভাবে বর্ণিত হলো। উল্লেখ্য, এডি শাখাগুলিকে উপর্যুক্ত বিষয়ে গ্রাহকের আবেদন ও সংযুক্ত কাগজপত্রাদির সঠিকতা যাচাইকরতঃ গ্রাহকের পক্ষে সুপারিশপূর্বক সংশ্লিষ্ট বিভাগ/অফিস প্রধান বরাবরে পত্র প্রেরণ করতে হবে। এরূপ পত্র প্রেরণে ব্যাংক শাখাকে ১৪/০৫/২০০১ইং তারিখে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি(কম)/২১২/২০০১-৫৮৮ এ বর্ণিত নির্দেশনা পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে। এছাড়া, Annexure-II/Annexure III/Annexure-A ফরমে প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষরের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সনাক্ত করতে হবে।

i) বায়িং এজেন্টের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা :

ক) নতুন অনুমোদন গ্রহণে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করা আবশ্যিক :-

১. প্রতিষ্ঠানের আবেদনপত্র - সংশ্লিষ্ট বিভাগ/অফিস প্রধান বরাবরে প্রতিষ্ঠানের প্যাডে অনুমোদনের জন্য আবেদন;
২. সংযোজনী-২ ফরম - প্রতিটি অনুচ্ছেদ যথাযথভাবে পূরণ করতে হবে, যথাযথ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে, স্বাক্ষরকারীর নাম ও পদবী উল্লেখ করতে হবে;
৩. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র;
৪. হালনাগাদ ট্রেড লাইসেন্স;
৫. TIN এর সত্যায়িত কপি;
৬. ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট;
৭. অংশীদারী চুক্তিপত্র (অংশীদারী প্রতিষ্ঠানের জন্য);
৮. সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন এবং মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন (RJSC এর তালিকাভুক্ত কোম্পানীর জন্য);
৯. প্রতিষ্ঠানে কর্মরত বিদেশী নাগরিকের অনুকূলে বিনিয়োগ বোর্ড কর্তৃক ইস্যুকৃত কর্মানুমতির কপি (সম্পূর্ণ বিদেশী বা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে);
১০. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ঐচ্ছিক);

চুক্তিপত্রে অন্যান্য বিষয়ের সাথে উভয় প্রতিষ্ঠানের পূর্ণ নাম, দেশের নাম উল্লেখসহ পূর্ণ ঠিকানা, রপ্তানীতব্য পণ্যের বিবরণ, কমিশনের হার, চুক্তিপত্র স্বাক্ষরের এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ ইত্যাদি উল্লেখসহ চুক্তিপত্রের প্রতি পৃষ্ঠায় উভয় পক্ষের স্বাক্ষর থাকতে হবে এবং উপর্যুক্ত কাগজপত্রের দুই সেট প্রেরণ করতে হবে।

খ) অনুমোদিত বায়িং এজেন্ট কর্তৃক নতুন প্রিন্সিপালের নাম অশুভুক্তি অথবা নবায়নের জন্য :-

১. প্রতিষ্ঠানের আবেদনপত্র;
২. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
৩. হালনাগাদ ট্রেড লাইসেন্স;
৪. প্রতিষ্ঠানে কর্মরত বিদেশী নাগরিকের অনুকূলে বিনিয়োগ বোর্ড কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ কর্মানুমতির কপি (সম্পূর্ণ বিদেশী বা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে);
৫. ব্যাংক শাখা ও প্রতিষ্ঠানের আবেদনপত্রে অত্র বিভাগ প্রদত্ত অনুমতি নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে;

চলমান পাতা/০২

ii) ক) ইন্ডেন্টিং এজেন্ট হিসেবে অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি :-

১. i) ক) অনুচ্ছেদের ১ থেকে ৯ নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্র;
২. Indentors' Registration Certificate (IRC);
৩. Membership Certificate of Bangladesh Indenting Agents' Association (BIAA);
৪. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;

খ) অনুমোদিত ইন্ডেন্টিং এজেন্ট কর্তৃক নতুন প্রিন্সিপালের নাম অশুভুক্তি অথবা নবায়নের জন্য :-

১. হালনাগাদ IRC;
২. হালনাগাদ Membership Certificate of Bangladesh Indenting Agents' Association(BIAA);
৩. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

iii) ক) লোকাল এজেন্ট হিসেবে অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি:-

১. i) ক) অনুচ্ছেদের ১ থেকে ৯ নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্র;
২. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
৩. Bangladesh Telecommunication Regulatory Commission কর্তৃক প্রদত্ত VSAT User সংক্রান্ত লাইসেন্স (VSAT -এর ক্ষেত্রে);
৪. ব্যবসার সাথে সঙ্গতিপূর্ণ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি (প্রযোজ্য ক্ষেত্রে);

খ) অনুমতি নবায়নের জন্য :

১. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
২. হালনাগাদ ট্রেড লাইসেন্স;
৩. ব্যবসার সাথে সঙ্গতিপূর্ণ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি (প্রযোজ্য ক্ষেত্রে);

iv) ক) শিপিং এজেন্ট হিসেবে অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি:-

a. লাইনার এজেন্ট :

১. i) ক) অনুচ্ছেদের ১ থেকে ৮ নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্র;
২. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
৩. সংশ্লিষ্ট কাস্টমস হাউস কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ শিপিং লাইসেন্স;

খ) নতুন প্রিন্সিপালের নাম অশুভুক্তি অথবা নবায়নের জন্য :

১. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
২. হালনাগাদ ট্রেড লাইসেন্স;
৩. হালনাগাদ শিপিং লাইসেন্স;

b. ট্রান্সপ ভেসেল :

১. গ্রাহকের আবেদনপত্র;
২. পূরণকৃত সংযোজনী-২ ফরম;
৩. হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স;
৪. বিদেশী প্রিন্সিপাল কর্তৃক প্রদত্ত নিয়োগপত্রের কপি;
৫. ইনওয়ার্ড রেমিট্যান্স এর এনক্যাশমেন্ট সার্টিফিকেট;
৬. ব্রেক ডাউন অফ ডিসবার্সমেন্ট;
৭. সংশ্লিষ্ট কাস্টমস হাউস কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ শিপিং লাইসেন্স;

v) ক) কার্গো ফরোয়ার্ডিং/ফেইট ফরোয়ার্ডিং এজেন্ট হিসেবে অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি:-

১. i) ক) অনুচ্ছেদের ১ থেকে ৯ নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্র;
২. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
৩. ACAB/IFFAB এর সদস্য সনদ;

খ) অনুমতি নবায়নের জন্য :

১. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
২. হালনাগাদ ট্রেড লাইসেন্স
৩. নবায়নকৃত ACAB/IFFAB এর সদস্য সনদ;

- vi) ক) প্রাক জাহাজীকরণ পরিদর্শন এজেন্ট (PSI) হিসেবে অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ-
১. i) ক) অনুচ্ছেদের ১ থেকে ৯ নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্র;
 ২. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
- খ) নতুন প্রিন্সিপালের নাম অসুভুক্তি অথবা নবায়নের জন্য
১. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
 ২. হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- vii) ক) জিএসএ হিসেবে অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ-
১. i) ক) অনুচ্ছেদের ১ থেকে ৯ নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্র;
 ২. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
 ৩. NOC of Civil Aviation Authority;
 ৪. পরিচালকদের তালিকা;
 ৫. Registration Certificate of Travel Agency (Ministry of Civil Aviation & Tourism কর্তৃক ইস্যুকৃত);
- খ) অনুমতি নবায়নের জন্য :
১. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
 ২. হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- viii) ক) কুরিয়ার সার্ভিস হিসেবে অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ-
১. i) ক) অনুচ্ছেদের ১ থেকে ৯ নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্র;
 ২. ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
 ৩. আমদানী ও রপ্তানী নিবন্ধন সনদপত্র
- খ) অনুমতি নবায়নের জন্য :
১. বিদেশী প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
 ২. হালনাগাদ ট্রেড লাইসেন্স
- ix) ক) বিদেশী প্রতিষ্ঠান/এয়ারলাইন্সের বাংলাদেশস্থ ব্রাঞ্চ/লিয়াজেঁ অফিসে কর্মরত বিদেশী/অনিবাসী নাগরিকদের অনুমতির জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ-
১. গ্রাহকের আবেদনপত্র;
 ২. পূরণকৃত Annexure-A ফরম;
 ৩. কর্মকর্তার অনুকূলে বিনিয়োগ বোর্ড প্রদত্ত কর্মানুমতিপত্রের কপি;
 ৪. কর্মকর্তার নিয়োগ সংক্রান্ত পত্রের কপি;
 ৫. আয়কর প্রত্যয়নপত্র;
 ৬. List of Employees (নিয়োগের তারিখ, পদবী ও জাতীয়তা উল্লেখসহ);
- খ) অনুমতি নবায়নের জন্য :
১. বিনিয়োগ বোর্ডের নবায়নকৃত অনুমতিপত্র;
 ২. List of Employees (নিয়োগের তারিখ, পদবী ও জাতীয়তা উল্লেখসহ);
- উল্লেখ্য, ১৮ এ ধারার আওতায় অনুমোদনপ্রাপ্ত সকল প্রতিষ্ঠানকে অনুমতিপত্রের নির্দেশানুযায়ী নিয়মিতভাবে বিবরণী দাখিল নিশ্চিত করতে হবে।
- x) ক) এফ.ই.আর. এ্যাক্ট, ১৯৪৭ এর ১৮(বি) ধারার আওতায় বিদেশী/অনিবাসী প্রতিষ্ঠানের বাংলাদেশে ব্রাঞ্চ/লিয়াজেঁ অফিস প্রতিষ্ঠার অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ-
১. গ্রাহকের আবেদনপত্র;
 ২. যথাযথভাবে পূরণকৃত ও ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত Annexure-iii ফরম;
 ৩. এদেশে অফিস স্থাপন ও তা পরিচালনার জন্য ক্ষমতা প্রদান সংক্রান্ত মূল প্রতিষ্ঠানের Board of Directors' Resolution, মূল প্রতিষ্ঠানের List of Directors (mentioning name, address & nationality), Certificate of Incorporation, Memorandum and Articles of Association এর কপি (সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত);
 ৪. বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র;

খ) অনুমতি নবায়নের জন্য :

১. বিনিয়োগ বোর্ডের নবায়নকৃত অনুমতিপত্র;
২. হালনাগাদ List of Employees (নাম, পদবী, জাতীয়তা ও বেতন-ভাতাদি, নিয়োগের তারিখ উল্লেখ পূর্বক);

xi) ক) বিদেশী এয়ারলাইন্সসমূহের বাংলাদেশে ব্রাঞ্চ অফিস প্রতিষ্ঠার অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ-

১. গ্রাহকের আবেদনপত্র;
২. পূরণকৃত Annexure-iii ফরম;
৩. প্রতিষ্ঠানের অনুকূলে বিনিয়োগ বোর্ড প্রদত্ত অনুমতিপত্রের কপি;
৪. NOC of Civil Aviation Authority;
৫. Bank Solvency Certificate;
৬. List of Employees;
৭. এদেশে অফিস স্থাপন ও তা পরিচালনার জন্য ক্ষমতা প্রদান সংক্রান্ত মূল প্রতিষ্ঠানের Board of Directors' Resolution, মূল প্রতিষ্ঠানের List of Directors (mentioning name, address & nationality), Certificate of Incorporation, Memorandum and Articles of Association এর কপি (সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত);
৮. Authorization letter to operate flights (issued by CAAB)
৯. Flight schedule (issued by CAAB)

খ) অনুমতি নবায়নের জন্য :

১. বিনিয়োগ বোর্ডের নবায়নকৃত অনুমতিপত্র;
২. List of Employees (নাম, পদবী, জাতীয়তা ও বেতন-ভাতাদি, নিয়োগের তারিখ উল্লেখ পূর্বক);

০৪। আইনের যথাযথ অনুসরণ নিশ্চিতকরণ ও ভুলত্রুটিজনিত কারণে সময়ক্ষেপন এড়ানোর লক্ষ্যে উপর্যুক্ত বর্ণনা মোতাবেক এতদবিষয়ে এবং বিদ্যমান অন্যান্য নিয়মকানুন সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তা/দের দক্ষতা বাড়ানোর জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এডি ব্যাংকগুলিকে পরামর্শ দেয়া যাচ্ছে। সংশ্লিষ্ট ব্যাংক এ বিষয়ে কর্মকর্তাদের সুস্পষ্ট ধারণা প্রদানের লক্ষ্যে সেমিনার/ওয়ার্কশপের আয়োজন করতে পারে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হুমায়ূন কবীর)
উপ-মহাব্যবস্থাপক
৭১২৫০২৪/২৪৫৩